

## সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১০৯

পর্ব-১: ত্বহরাহ্ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৮৮: পাগড়ীর উপর কিভাবে মাসাহ করতে হবে?

### بَابُ كَيْفِ الْمَسْحِ عَلَى الْعِمَامَةِ

আরবী

أَخْبَرَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ، قَالَ: حَدَّثَنَا هُشَيْمٌ، قَالَ: أَخْبَرَنَا يُونُسُ بْنُ عُبَيْدٍ، عَنْ ابْنِ سِيرِينَ، قَالَ: أَخْبَرَنِي عَمْرُو بْنُ وَهَبِ الثَّقَفِيُّ، قَالَ: سَمِعْتُ الْمُغِيرَةَ بْنَ شُعْبَةَ، قَالَ: خَصَلْتَانِ لَا أَسْأَلُ عَنْهُمَا أَحَدًا بَعْدَ مَا شَهِدْتُ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، قَالَ: كُنَّا مَعَهُ فِي سَفَرٍ فَبَرَزَ لِحَاجَّتِهِ، ثُمَّ جَاءَ فَتَوَضَّأَ وَمَسَحَ بِنَاصِيَتِهِ وَجَانِبِي عِمَامَتِهِ وَمَسَحَ عَلَى خُفَّيْهِ، قَالَ: وَصَلَاةُ الْإِمَامِ خَلْفَ الرَّجُلِ مِنْ رَعِيَّتِهِ، فَشَهِدْتُ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ كَانَ فِي سَفَرٍ، فَحَضَرَتِ الصَّلَاةُ فَاحْتَبَسَ عَلَيْهِمُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَأَقَامُوا الصَّلَاةَ وَقَدَّمُوا ابْنَ عَوْفٍ، فَصَلَّى بِهِمْ، فَجَاءَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَصَلَّى خَلْفَ ابْنِ عَوْفٍ مَا بَقِيَ مِنَ الصَّلَاةِ، فَلَمَّا سَلَّمَ ابْنُ عَوْفٍ، قَامَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَضَى مَا سَبَقَ بِهِ .

تخریج دارالدعوه: تفرد به النسائي، (تحفة الأشراف: ۱۱۵۲۱) بهذا الإسناد، وأما بغير هذا الإسناد، ومطولا ومختصرا فقد أخرجه كل من: صحيح البخارى/الوضوء ۳۵ (۱۸۲)، و ۴۸ (۲۰۳)، الصلاة ۷ (۳۶۳)، الجهاد ۹۰ (۲۹۱۸)، المغازي ۸۱ (۴۴۲۱)، اللباس ۱۰ (۵۷۹۸)، ۱۱ (۵۷۹۹)، صحيح مسلم/الطهارة ۲۲، (۲۷۴)، سنن ابى داود/فيه ۵۹ (۱۴۹)، سنن الترمذی/فيه ۷۲ (۹۷)، ۷۵ (۱۰۰)، سنن ابن ماجه/فيه ۸۴ (۵۴۵)، موطا امام مالك/فيه ۸ (۴۱)، مسند احمد ۴/۲۴۴، ۲۴۵، ۲۴۶، ۲۴۷، ۲۴۸، ۲۴۹، ۲۵۰، ۲۵۱، ۲۵۲، ۲۵۳، ۲۵۵، سنن الدارمی/الطهارة ۴۱ (۷۴۰)، وتقدم عند المؤلف (بأرقام: ۷۹، ۸۲، ۱۰۷، ۱۰۸)، ویأتي عنده (برقم: ۱۲۵) (صحيح)

## صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 109 – صحيح الإسناد

বাংলা

১০৯. ইয়াকুব ইবনু ইব্রাহীম (রহ.) ..... 'আমর ইবনু ওয়াহব আস্ সাকাফী (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমি মুগীরাহ ইবনু শু'বাহ (রাঃ) হতে শুনেছি; তিনি বলেন, দুটি বিষয়ে আমি কারো নিকট প্রশ্ন করব না। কেননা, এ দু'টি কাজের সময় আমি স্বয়ং রাসূলুল্লাহ (সা.) -এর নিকট উপস্থিত ছিলাম। তিনি বলেন, আমরা এক সফরে রাসূলুল্লাহ (সা.) -এর সাথে ছিলাম। তিনি পায়খানা-প্রস্রাবের প্রয়োজনে বের হলেন। সেখান থেকে এসে উযু করেন এবং মাথার সামনের দিক ও পাগড়ীর দু'পার্শ্বে এবং মোজার উপর মাসাহ করেন। আর অধঃস্তনের পেছনে ইমামের সালাত আদায় করা। রাসূলুল্লাহ (সা.) -কে আমি দেখেছি যে, তিনি এক সফরে গিয়েছিলেন। সালাতের সময় হয়ে যায়। অথচ নবী (সা.) তাদের নিকট পৌছতে বিলম্ব করলে লোকেরা সালাত শুরু করে দিল। আবদুর রহমান ইবনু 'আওফ (রাঃ)-কে তারা ইমাম নিযুক্ত করেন। তিনি তাদেরকে নিয়ে সালাত আদায় করলেন। (এমন সময়) রাসূলুল্লাহ (সা.) ফিরে আসেন এবং ইবনু আওফ-এর পেছনে বাকি সালাত আদায় করেন। ইবনু 'আওফ সালাম ফিরালে রাসূলুল্লাহ (সা.) দাঁড়িয়ে যান এবং যতটুকু সালাত ছুটে গিয়েছিল তিনি তা আদায় করেন।

## English

88. How To Wipe Over The 'Imamah

Al-Mughirah bin Shu'bah said: There are two things which I never asked anyone about after I saw the Messenger of Allah (ﷺ). He was with us on a journey and he went away to relieve himself, then he came and performed Wudu', and he wiped over his forehead and two sides of his 'Imamah, and he wiped over his Khuffs. He said: And (the other issue) the Imam's Salah behind one of his followers. I saw the Messenger of Allah (ﷺ) when he was on a journey and time for prayer came. The Prophet (ﷺ) could not join them, so they called the Iqamah and they asked Ibn 'Afw to lead them in prayer. Then the Messenger of Allah (ﷺ) came and offered the remainder of the prayer behind Ibn 'Afw, then when Ibn 'Afw said the Salah, the Prophet (ﷺ) stood up and completed what he had missed (of the prayer).

ফুটনোট

সহীহ: বুখারী'র “জুযউল কিরাআত” ১৯৬, সহীহ ইবনু খুযায়মাহ ১০৬৪।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ মুগীরা ইবনু শু'বা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86380>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন